# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/পিএ/৪০০ তারিখ : ০৩-০২-২০১৯ খ্রি.

## প্রধান পরীক্ষক/পরীক্ষকগণের জন্য জরুরী বিজ্ঞপ্তি

এসএসসি পরীক্ষায় উত্তরপত্র মূল্যায়ন বিষয়ক অনলাইন কোর্স বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট (BEDU) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা চালু করেছে। এসএসসি পরীক্ষার প্রধান পরীক্ষক ও পরীক্ষক হতে হলে এ কোর্সটি সম্পন্ন করা আবশ্যক। মুক্তপাঠ (www.muktopaath.gov.bd) এ লগইন করে কোর্সটি সম্পন্ন করা যাবে। মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকগণকে এ কোর্সটি সম্পন্ন করার জন্যে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : মুক্তপাঠে উত্তরপত্র মূল্যায়ন মূল্যায়ন বিষয়
অনলাইন কোর্স সম্পন্ন করার নিয়মাবলি

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০৪২১-৬৮৬৬৬
মোবাইল: ০১৭৩৩-২২২০০৩
ই-মেইল: controller@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক/অধ্যক্ষ
মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

পুরাতন ব্যবহারকারীদের জন্য:


- ✓ যারা মুক্তপাঠে ইতিমধ্যে নিবন্ধন করেছেন তারা লগ-ইন আইডি ও পার্সওয়ার্ড দিয়ে যথানিয়মে সিস্টেমে প্রবেশ করুন।

নতুন ব্যবহারকারীদের জন্য:


- ✓ মুক্তপাঠের সদস্য হতে হলে তাদেরকে নতুন ইমেইল আইডি খুলতে হবে।
- ✓ যাদের ইমেইল আইডি আছে তারা এটিকে লগইন আইডি হিসেবে ব্যবহার করতে পারবেন।
- ✓ পাসওয়ার্ড এর ক্ষেত্রে ইমেইল পাসওয়ার্ড ব্যবহার করতে পারেন বা নতুন পাসওয়ার্ড তৈরি করতে পারেন।

মুক্তপাঠে লগ-ইন (পুরাতন ব্যবহারকারীদের জন্য)

মুক্তপাঠে লগ ইন করার জন্য যে কোনো ব্রাউজারের অ্যাড্রেসবারে লিখুন www.muktopaath.gov.bd এবং কী বোর্ডের Enter Button টি চাপুন।





এখন, ডানদিকের উপরে লগইন মেন্যুতে ক্লিক করুন। তাহলে লগইন নামক পেইজটি দেখা যাবে।




এখানে লগ-ইন আইডি ও পাসওয়ার্ড লেখার পর লগইন বাটনে ক্লিক করুন।

মুক্তপাঠে নিবন্ধন (নুতন ব্যবহারকারীদের জন্য)

মুক্তপাঠে নিবন্ধন করা না থাকলে বা নতুন ব্যবহারকারীদের ক্ষেত্রে চিত্রের ন্যায় উইন্ডোর ডানদিকের উপরে নিবন্ধন বাটনে ক্লিক করুন। প্রদর্শিত ঘরে প্রয়োজনীয় তথ্য প্রদান করে নিবন্ধন কাজটি সম্পন্ন করুন।





আপনার ইমেইলে প্রাপ্ত লিংক থেকে নিবন্ধন এক্টিভেটেড করে নিন।





অতপরঃ লগইন করুন।

মুক্তপাঠ এ লগ-ইন সম্পন্ন করার পর নিচের উইন্ডোটির মতো দেখতে পাবেন।




## মুক্তপাঠে প্রোফাইল এডিট (নুতন ব্যবহারকারীদের জন্য)

প্রোফাইল এডিট করতে পেইজটির ডানদিকের উপরে ছবির আইকনটিতে ক্লিক করুন। এখানে, পাসওয়ার্ড পরিবর্তন, প্রোফাইল এডিট ও লগ-আউট নামে তিনটি সাব-মেন্যু দেখতে পাবেন।
প্রোফাইল এডিটে ক্লিক করুন।




এবার "প্রোফাইল আপডেট করুন" নামে একটি পেইজ দেখতে পাবেন। এখানে লাল কালির টাইটেল সংযুক্ত ঘরগুলো অবশ্যই পূরণ করবেন।





## মুক্তপাঠে কোর্স শুরু করা


নতুন ব্যবহারকারীগণ "আমার পাতা" পেইজে "এই মুহূর্তে আপনার কোনো চলমান কোর্স নেই" লেখাটি দেখতে পাবেন। নিচে "কোর্সের তালিকা দেখতে এখানে ক্লিক করুন" এই লেখাটির উপর ক্লিক করুন। তাহলে, "চলমান কোর্স' শিরোনামে বেশকিছু কোর্সের তালিকা সম্বলিত একটি পেইজ দেখতে পাবেন। নিচের দিকে ড্রপ ডাউনে ক্লিক করলে আরো কিছু কোর্সের নাম দেখা যাবে।




কোর্সের তালিকা হতে যে কোর্সটিতে যোগদান করতে চান তার ওপর ক্লিক করুন। ধরুন আপনি, "সৃজনশীল প্রশ্নের উত্তরপত্র মূল্যায়ন: বাংলা" কোর্সটিতে প্রবেশ করতে চান, তাহলে- কোর্সের আইকন বা নামের উপর ক্লিক করুন। এভাবে আপনি যে বিষয়ের শিক্ষক সে বিষয়টিতে প্রবেশ করুন।
পরবর্তী অন্যান্য কোর্সে প্রবেশের জন্য একই প্রক্রিয়া অনুসরণ করুন।

এখানে, "সৃজনশীল প্রশ্নের উত্তরপত্র মূল্যায়ন: বাংলা" কোর্সের উপর ক্লিক করার ফলে বামদিকে পাঠ্য তালিকার নিচের দিকে "কোর্সটি শুরু করুন" লেখা দেখতে পাবেন। এ বাটনে ক্লিক করলে তা আমার পাতা উইন্ডোতে প্রদর্শিত হবে। অর্থাৎ, কোর্সে যোগদান সম্পন্ন হবে।






এ অবস্থায় কোর্সটির পাঠ্যতালিকা, কোর্স সম্পর্কিত ঘোষণা, কোর্স বিবরণ ও কোর্সের উদ্দেশ্যসমূহ দেখতে পাবেন যার মাধ্যমে কোর্স সম্পর্কিত তথ্যসমূহ জানতে পারবেন। এখন পাঠ্যতালিকায় ক্লিক করলে sub-contentসমূহ দেখতে পাবেন।





বিষয়বস্তু তালিকার প্রথমটির উপর ক্লিক করলে বিষয়বস্তু, অনুশীলন, আলোচনা এবং পাঠ সম্পন্ন" নামে চারটি ট্যাব দেখতে পাবেন।




বিষয়বস্তুর সংক্ষিপ্ত বর্ণনা পড়ার পর পাঠ সহায়িকা লেখাটির উপর ক্লিক করুন। এটি পিডিএফ আকারে ডাউনলোড হবে। এখানে থেকে পাঠ সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন।




এখন, বিষয়বস্তুর ভিডিও Window টির play button এ ক্লিক করুন এবং পাঠ সংশ্লিষ্ট ভিডিওটি উপভোগ করুন। Download Video অপশনে ক্লিক করে এটি ড্রাইভে Save রাখতে পারবেন।





এরপর অনুশীলন ট্যাবে ক্লিক করুন।




বিষয় সংশ্লিষ্ট বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদানের জন্য প্রযোজ্য রেডিও বাটনে ক্লিক করুন অথবা, নির্দেশনা অনুসরণ করুন। নিজেকে মূল্যায়নের পর আলোচনা ট্যাবটিতে ক্লিক করুন।




"আপনার মন্তব্য লিখুন" ঘরে আপনার মূল্যবান মতামত/ আলোচনা/ইতিবাচক সমালোচনা জানাতে পারেন।




এখন, "পাঠ সম্পন্ন" বাটনে ক্লিক করুন। তারপর " পাঠ সম্পন্ন করেছেন কি" লেখার পাশের toggle button এ ক্লিক করুন: এটি সবুজ রঙে পরিবর্তন হলেই "পাঠ সম্পন্ন হয়েছে" বলে নিশ্চিত হবেন।








পরবর্তী Lesson সম্পন্ন করার জন্য ডানদিকের উপরে "পরবর্তী" লেখাটিতে ক্লিক করুন।
পূর্বের নিয়মে ট্যাবে প্রদর্শিত "বিষয়বস্তু, অনুশীলন, আলোচনা এবং পাঠ সম্পন্ন" ধাপগুলো সম্পন্ন করুন।




এভাবে পাঠ্য তালিকার প্রতিটি Lesson সম্পন্ন করুন।





সবশেষে, কুইজে অংশগ্রহণ করতে পাঠ্যতালিকার নিচে "কুইজ"লেখাটিতে ক্লিক করুন।
নিচের কুইজটি সিলেক্ট করে ডানদিকের "কুইজ আরম্ভ করুন" বাটনে ক্লিক করুন।



একে একে প্রশ্নগুলোর উত্তর প্রদান করে "পরবর্তী" লেখার উপর ক্লিক করুন।
নির্ধারিত সময়ের মধ্যে কুইজটি সম্পন্ন করে সাবমিট বাটনে ক্লিক করুন।




এই পেইজে কুইজের ফলাফল দেখতে পাচ্ছেন।




কোর্সের সার্টিফিকেট দাবি করতে পুনরায় আমার পাতা থেকে কোর্সটিতে প্রবেশ করে পাঠ্য তালিকার নিচে "সার্টিফিকেট দাবি করুন" বাটনে ক্লিক করুন।




এভাবেই আপনি মুক্তপাঠের প্রতিটি কোর্স সম্পন্ন করে সার্টিফিকেট দাবি করতে পারবেন এবং কোর্সের মেয়াদান্তে ইমেইল নোটিফিকেশনের মাধ্যমে আপনার সার্টিফিকেটটি ডাউনলোড করতে পারবেন।

